# টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
E-mail: info@tss.com.bd, Website: www.tss.com.bd, Fax: 02-9812700

উন্নত মান ও বিশ্বস্ত সেবার প্রতিশ্রুতি


স্মারক নং- ১৪.৩৬.০০০০.০০৭.১১.২০.২২-১৩৬ তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি:

## টেশিস এর প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি (পুনঃবিজ্ঞপ্তি)

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর আওতাধীন টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এর জন্য এক বা একাধিক প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত পেশাজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবিসহ শিক্ষাগত ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্তিপূর্বক আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টঙ্গী, গাজীপুর-১৭১০ বরাবরে রেজিষ্ট্রার্ড ডাকযোগে আগামী ১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন করা যাবে।

### যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

০১। **শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক হতে হবে। আইনবিষয়ে উচ্চতর ডিগ্রীধারী আবেদনকারী অগ্রাধিকার পাবেন। **শিক্ষাস্তরের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।**

০২ **বয়সঃ ১৮ এপ্রিল** ২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩০ বছর ও সর্বোচ্চ ৬০ বছরের মধ্যে হতে হবে।

০৩। **অভিজ্ঞতাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত আবেদনকারী অগ্রাধিকার পাবেন।

(খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন কোর্টে আইনজীবী হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রার্থীকে দেওয়ানী আইন, ফৌজদারী আইন, শ্রম আইন, কোম্পানী আইন, চুক্তি আইন, ভূমি আইন, প্রশাসনিক আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সালিশি আইন, সরকারী পাওনা আদায়, চাকুরী সংক্রান্ত বিধি-বিধান, টেলিযোগাযোগ সংক্রান্ত বিভিন্ন নীতিমালা এবং রিট পরিচালনার বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কাজ করার এবং সিভিল,ক্রিমিনাল ও চুক্তি আইন বিষয়ে বিশেষ দক্ষতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন ।

(ঙ) সরকারি/ স্বায়ত্বশাসিত/ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং বাংলাদেশের নাগরিক হতে হবে।

০৫। **সম্মানী :** প্রার্থী প্যানেল আইনজীবি হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হলে চুক্তি সম্পন্ন করার পর টেশিস নির্ধারিত হারে/ আলোচনা সাপেক্ষে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) রিটেইনার ফি ও পরামর্শক ফি প্রাপ্য হবেন। প্রযোজ্য ভ্যাট টেশিস পরিশোধ করবে।

০৬। **চুক্তির মেয়াদ :** ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।

০৭। আগ্রহী প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাতকারোত্তর কোম্পানির আইন উপদেষ্টা হিসেবে নির্বাচিত ব্যক্তির যোগ্যতাভিত্তিক মেধা তালিকা অনুযায়ী প্রার্থীকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবতীর্ণ হওয়ার জন্য কোন ভাতা প্রদান করা হবে না।

০৮। টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। টেশিস কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লেখ্য যে ইতোপূর্বে (বিজ্ঞপ্তি নং- ১৪.৩৬.০০০০.০০৭.১১.২০.২২-০৪৭ তারিখঃ ০২/১০/২০২৩ খ্রি) আবেদনকৃত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

# টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০
E-mail: info@tss.com.bd, Website: www.tss.com.bd, Fax: 02-9812700


উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ

০৯। **প্যানেল আইনজীবীর কর্মপরিধি :**

০১। নিম্ন আদালত ও উচ্চ আদালতে টেশিস সংক্রান্ত মামলার রায়ের পর উচ্চ আদালতে মামলা দায়েরের বিষয়ে মতামত প্রদান।

০২। সংস্থার পক্ষে মামলা দায়েরের ক্ষেত্রে আরজি সঠিক আছে কিনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।

০৩। সংস্থাকে বিবাদী করে দায়েরকৃত মামলায় সংস্থার জবাব সঠিক আছে কিনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান।

০৪। টেশিস সংশ্লিষ্ট মামলাসমূহ সুষ্ঠুভাবে তদারকি করা এবং যথাযথ পদক্ষেপের জন্য পরামর্শ প্রদান।

০৫। টেশিস সংশ্লিষ্ট যে কোন আদালতে মামলায় স্থগিতাদেশ থাকলে উক্ত বিষয়ে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে ব্যবস্থা গ্রহণে আইনি পরামর্শ প্রদান।

০৬। টেশিস এর যে কোনো স্থাবর/ অস্থাবর সম্পত্তির বিরোধ বিষয়ে করণীয় সম্পর্কে আইনগত মতামত প্রদান।

০৭। টেশিস এর বিভিন্ন পার্টনারের সাথে চুক্তির শর্তাবলী টেশিসের স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কে পরীক্ষা নিরীক্ষাপূর্বক ভেটিং/ মতামত প্রদান।

০৮। ক্ষেত্র বিশেষে বিভিন্ন মামলা পরিচালনার ক্ষেত্রে উচ্চ আদালত বা সালিশি আদালতে সিনিয়র আইনজীবী এবং আরবিট্রেটর নিয়োগের জন্য সংস্থাকে সহায়তা করা।

০৯। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং টেশিস প্রদত্ত আইন সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন।

১০। কর্তৃপক্ষের অনুরোধে প্রযোজ্য ক্ষেত্রে আইনি সহায়তা প্রদান।

১৮/৩/২৪

(মোঃ মাইনুল হাসান)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
টেশিস, টঙ্গী, গাজীপুর